

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রেঞ্জ ডিআইজির কার্যালয়
ঢাকা
রেঞ্জ সার্কুলার নং-----৪২---/২০১৮

বিষয় : থানায় মাসিক অপরাধ সভার আয়োজন প্রসঙ্গে।

প্রতিমাসে অপরাধ ও অপরাধ সংশ্লিষ্ট বিষয়াদি পর্যালোচনা ও মূল্যায়নের জন্য পুলিশ সুপার ও রেঞ্জ ডিআইজির কার্যালয়ে মাসিক ও পুলিশ হেডকোয়ার্টার্স-এ ত্রৈমাসিক অপরাধ সভার আয়োজন করা হয়। অদ্যাবধি থানায় মাসিক অপরাধ সভার আয়োজনের কোন কার্যক্রম চালু হয়নি। দেশের অপরাধ ও আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ তথা পুলিশী কার্যক্রমের মূল কেন্দ্রবিন্দু থানা। মূলতঃ থানাকে ঘিরেই পুলিশের সকল কার্যাদি আবর্তিত হয়ে থাকে। সাম্প্রতিক সময়ে দেশের সার্বিক উন্নয়ন ও অগ্রযাত্রার পাশাপাশি পুলিশী জনবল বৃদ্ধি এবং আধুনিক প্রযুক্তির ব্যবহারের ব্যবস্থাসহ বিভিন্ন ক্ষেত্রে সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হয়েছে।

তাই সময়ের অনিবার্যতায় একটি আধুনিক, জনবান্ধব ও জবাবদিহিতামূলক পুলিশী ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে দেশের পুলিশ প্রশাসনের তৃণমূল অর্থাৎ থানা পর্যায়ে প্রতিমাসে অফিসার ভিত্তিক সার্বিক অপরাধ কার্যক্রমের মাসিক হ্রাস/বৃদ্ধির বিষয়টি সরাসরি অনুধাবন করে পরবর্তী কর্মপন্থা নির্ধারণের সুযোগ সৃষ্টি হবে। সভায় সফল/কৃতকার্য অফিসারদের পুরস্কার প্রদান ও ব্যর্থ অফিসারদের পরবর্তীতে কাজের মান বৃদ্ধির সুযোগ দেয়া হলে এবং প্রয়োজনে শাস্তির ব্যবস্থা নেয়া হলে থানার পুলিশী কার্যক্রমে আরও অধিক গতিশীলতার সৃষ্টি হবে মর্মে অনুমিত হয়।

এমতবস্থায় অত্র রেঞ্জাধীন সকল থানায় প্রতিমাসে মাসিক অপরাধ সভার আয়োজন পূর্বক সভার কার্যবিবরণী সংযুক্ত "ছক" (১ হতে ১৮ পর্যন্ত) মোতাবেক প্রস্তুত করতঃ নিয়মিতভাবে পুলিশ সুপার এবং সার্কেল অতিরিক্ত পুলিশ সুপার/সহকারী পুলিশ সুপার কার্যালয়ে প্রেরণ করতে হবে। সভার আলোচ্য সূচীতে নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত করা যেতে পারে। পরবর্তীতে থানার অফিসার ইনচার্জ ও অন্যান্য অফিসারদের মতামত/প্রস্তাবের ভিত্তিতে আলোচ্য বিষয়ের সংযোজন/বিয়োজনের বিষয়টি পুলিশ সুপার বিবেচনা করবেন।

আলোচ্য সূচী :

- | | |
|--|--|
| ১. তুলনামূলক অপরাধ বিবরণী | ১৭. কমিউনিটি পুলিশিং/সিপিওদের কার্যক্রম |
| ২. পরোয়ানা তামিলের অগ্রগতি (অফিসার ভিত্তিক) | ১৮. দাগী ডিজিট কার্যক্রম |
| ৩. সাজা পরোয়ানা তামিলের অগ্রগতি (অফিসার ভিত্তিক) | ১৯. গান চেকিং চার্ট |
| ৪. জরিমানা পরোয়ানার বিষয়ে গৃহীত ব্যবস্থা | ২০. "এ" রোল, "বি" রোল ইস্যু ও গ্রহণ |
| ৫. গুরুত্বপূর্ণ মামলা তদন্তের অগ্রগতি | ২১. সম্পত্তি নিষ্পত্তির কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা |
| ৬. মূলতবী মামলার পরিসংখ্যান | ২২. এফএম সংক্রান্ত গৃহীত কার্যক্রম |
| ৭. অধিকতর তদন্তের জন্য মূলতবী মামলার অগ্রগতি পর্যালোচনা | ২৩. চৌকিদার/দফাদারদের কার্যক্রম পর্যালোচনা |
| ৮. অনুসন্ধানধীন সাধারণ ভায়রী(জিডি) নিষ্পত্তি (অফিসার ভিত্তিক) | ২৪. ভিসিএনবি সংক্রান্ত গৃহীত কার্যক্রম(পুলিশ সুপার নির্দেশনা দিবেন) |
| ৯. অপমৃত্যু মামলার অগ্রগতি | ২৫. গান লাইসেন্স সংক্রান্ত (বছরের ১ম মাসে) |
| ১০. মাদক উদ্ধারের বিবরণী (অফিসার ভিত্তিক) | ২৬. পুরস্কার ও শাস্তি : পুলিশ সুপার কার্যালয় কর্তৃক প্রেরিত ছক ও নীতিমালা অনুযায়ী থানার শ্রেষ্ঠ এসআই/এএসআই/কনস্টেবল/ওয়ারেন্ট তামিলকারী অফিসার/মাদকদ্রব্য উদ্ধারকারী অফিসার/শ্রেষ্ঠ চৌকিদার-দফাদার নির্ধারণপূর্বক পুরস্কার প্রদানের সুপারিশ এবং অনুরূপভাবে অফিসারদের ব্যর্থতার বর্ণনা ও মন্তব্য সভার কার্যবিবরণীতে উল্লেখ পূর্বক পুলিশ সুপার কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ। |
| ১১. নন-এফআইআর প্রসিকিউশন দাখিল (অফিসার ভিত্তিক) | |
| ১২. কাঃবিঃ ৫৪ ধারায় হেফতার ও নিষ্পত্তি | |
| ১৩. সাক্ষী হাজির করণ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি | |
| ১৪. পত্র প্রাপ্তি (৫ খন্ড) এর মূলতবী বিষয়াদি | |
| ১৫. ফেরারী ঘোষণা ও ঘোষিত আসামী ধৃতের বিষয়ে গৃহীত কার্যক্রম | |
| ১৬. অনুসন্ধান স্লিপ (প্রাপ্তি/প্রেরণ) | |

স্বাক্ষর/

(চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, পিপিএম)

বিপি-৬৪৮৯০২০৯৪৬

ডিআইজি, ঢাকা রেঞ্জ

বাংলাদেশ পুলিশ, ঢাকা।

ফোন ৯৩৫৩০৩৭, ফ্যাক্স ৯৩৪২০২২।

তারিখ- ২৭/০২/২০১৮ খ্রিঃ।

স্মারক নং-

২৬৪৭

অপরাধ

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হ'ল :-

- ডিআইজি (ক্রাইম ম্যানেজমেন্ট), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- অতিরিক্ত ডিআইজি (অ্যাডমিন অ্যান্ড ফিন্যান্স/অপরাধ/অপস অ্যান্ড ইন্টেলিজেন্স), ঢাকা রেঞ্জ, ঢাকা।
- পুলিশ সুপার, ঢাকা/নারায়ণগঞ্জ/মুন্সীগঞ্জ/মানিকগঞ্জ/নরসিংদী/গাজীপুর/টাঙ্গাইল/কিশোরগঞ্জ/ফরিদপুর/রাজবাড়ী/গোপালগঞ্জ/মাদারীপুর/শরীয়তপুর জেলা।
- পুলিশ সুপার পুলিশ সুপার (এস্টেট এন্ড লজিস্টিক/ট্রেনিং এন্ড মিতিয়া/ডিসিপিএন এন্ড প্রসিকিউশন), ঢাকা রেঞ্জ, ঢাকা।
- অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ/অপরাধ/ট্রেনিং এন্ড প্লানিং/অপারেশন এন্ড ইন্টেলিজেন্স), ঢাকা রেঞ্জ, ঢাকা।
- স্টাফ অফিসার-টু-ডিআইজি, ঢাকা রেঞ্জ, ঢাকা।
- অফিস কপি।

(চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, পিপিএম)

বিপি-৬৪৮৯০২০৯৪৬

ডিআইজি, ঢাকা রেঞ্জ